সরকার-বিরোধী দলের ঐক্য জরুরি, না হলে কারও রক্ষা নেই: রিজভী



বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

সরকার ও বিরোধী দলের মধ্যে মতপার্থক্য থাকলেও পারস্পরিক যোগাযোগের জায়গা রাখা জরুরি বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। দেশের স্বার্থে ন্যূনতম ঐক্য না থাকলে কোনো পক্ষই নিরাপদ থাকবে না বলে মন্তব্য করেন তিনি।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক স্মরণসভায় বক্তব্যে এসব কথা বলেন রিজভী।

রাজনৈতিক কর্মসূচি পালনের অধিকার প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, বিরোধী দলের কথা বলার স্বাধীনতা ও শান্তিপূর্ণ কর্মসূচি পালনের সুযোগ থাকতে হবে। দলীয়ভাবে নির্দেশনা দেওয়া হয়েছিল, বিরোধী দলের কর্মসূচিতে বিএনপির পক্ষ থেকে যেন কোনো ধরনের বাধা বা সমস্যা তৈরি করা না হয়।

দ্রব্যমূল্য বাড়ানোর বিষয়েও কথা বলেন রিজভী। তিনি বলেন, কেন দাম বাড়ানো হয়েছে, তা নিয়ে আলোচনা হচ্ছে এবং সরকারও এ বিষয়ে ব্যাখ্যা দিচ্ছে।

এ সময় রাজনৈতিক শিষ্টাচার বজায় রাখার ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, সরকারি দলের প্রধানকে নিয়ে অসম্মানজনক ভাষা ব্যবহার করা উচিত নয়। ‘তুই-তোকারি’ আওয়ামী লীগের রাজনৈতিক সংস্কৃতির অংশ ছিল এবং সজীব ওয়াজেদও এমন আচরণ করতেন বলে মন্তব্য করেন তিনি। তবে বর্তমান সরকারি দল এ বিষয়ে পাল্টা জবাব দিলেও তা শালীনভাবে দেওয়া হয়েছে বলে জানান রিজভী।

স্মরণসভায় রিজভী আরও অভিযোগ করেন, পাশের দেশ থেকে বোমা এনে রাখার পর ছবি তুলে পাঠানোর জন্য ফোনে নির্দেশ দেওয়া হচ্ছে। এর বিনিময়ে অর্থ দেওয়ার কথাও বলা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। পাশাপাশি তিনি বলেন, শুধু জল্লাদ নয়, চারপাশে মীর জাফররাও রয়েছে।

রিজভী বলেন, সরকারের সমালোচনা বা বিরোধিতা থাকলেও দুই পক্ষের মধ্যে যোগাযোগ বজায় রাখা প্রয়োজন। ঐক্যের জায়গা নষ্ট হলে এর প্রভাব পুরো রাষ্ট্রের ওপর পড়বে বলে মন্তব্য করেন তিনি।